

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১০৫.১৬ - ২২

তারিখ : ২৭.০৬.২০১৯

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ডের “সহকারী রাজস্ব কর্মকর্তা” পদে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত জনাব মোহাম্মদ মনিরুজ্জামান চৌধুরী, রেজিস্ট্রেশন নম্বর-০৩২৭১৫ কর্তৃক অসদুপায় অবলম্বনপূর্বক জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে পিতার মুক্তিযুদ্ধের ভূয়া সনদ দাখিল করায় তার সুপারিশ বাতিল এবং চলমান ও কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ০৫.১২.২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১০৬.১৬-২৬৪ নম্বর স্মারকের প্রেস বিজ্ঞপ্তি মারফত অর্থ মন্ত্রণালয়ের জাতীয় রাজস্ব বোর্ডের শুদ্ধ, আবগারী ও ভ্যাট অনুবিভাগ এর “সহকারী রাজস্ব কর্মকর্তা” পদে জনাব মোহাম্মদ মনিরুজ্জামান চৌধুরী (রেজিস্ট্রেশন-০৩২৭১৫), পিতা জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা, গ্রাম: জয়কৃষ্ণপুর (ছেরাজল হক চৌধুরী বাড়ী), ডাকঘর: হাসান হাট, উপজেলা: বেগমগঞ্জ, জেলা নোয়াখালীকে মুক্তিযোদ্ধা কোটায় সাময়িকভাবে (provisionally) সুপারিশ করা হয়। পরবর্তীতে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ১৮.০৬.২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১৬.৬৩৬.১৭-৭৬৯ নম্বর স্মারকে প্রেরিত তথ্য অনুযায়ী জনাব মোহাম্মদ মনিরুজ্জামান চৌধুরী কর্তৃক দাখিলকৃত পিতার মুক্তিযোদ্ধা সনদ সঠিক নয় মর্মে উল্লেখ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মনিরুজ্জামান কর্তৃক অসদুপায় অবলম্বনপূর্বক জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে পিতার মুক্তিযুদ্ধের ভূয়া সনদ দাখিল করে কর্ম কমিশন ও নিয়োগকারী কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার অপরাধে কমিশনের উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তির ০৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী উক্ত পদে তার সাময়িক সুপারিশ এতদ্বারা বাতিল করা হলো।

০২. উল্লিখিত অপরাধের কারণে সুপারিশ বাতিলকৃত প্রার্থী জনাব মোহাম্মদ মনিরুজ্জামান চৌধুরী (রেজিস্ট্রেশন-০৩২৭১৫) কে সরকারী কর্ম কমিশন কর্তৃক চলমান ও ভবিষ্যতে অনুষ্ঠেয় অন্যান্য সকল নিয়োগ পরীক্ষার জন্যও অযোগ্য ঘোষণা করা হলো।



[মোঃ নজরুল ইসলাম]  
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]  
[যুগ্মসচিব]